

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর ত্রৈমাসিক (অক্টোবর হতে ডিসেম্বর ২০২২) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মশিউর রহমান পরিচালক (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	২৬ ডিসেম্বর ২০২২
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	পরিচালক (প্রশাসন ও অর্থ) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে ২০২২-২৩ অর্থবছরের ২য় কোয়ার্টার এ সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্ব প্রদান করা হয়। সভায় উপপরিচালক (পরিকল্পনা, আইসিটি) জনাব খায়রুল আলম সুমন এ অর্থবছরে সিটিজেন চার্টার হালনাগাদ করার জন্য পরিবীক্ষণ কমিটি পূর্ণ গঠনের সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে আলোচনা করেন এবং সিটিজেন চার্টারের ২.২ এর ৩ অনুচ্ছেদে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ড. আলী মুহম্মদ ওমর ফারুক, পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) ঐর অবসরজনিত কারণে জনাব মো: মশিউর রহমান পরিচালক (প্রশাসন ও অর্থ) কে তাঁর স্থলাভিষিক্ত করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। তিনি সভার সকলের জ্ঞাতার্থে জানান যে, সংশোধিত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

- ১। প্রতি তিন মাস অন্তর সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।
- ২। সেবা প্রদানে দ্রুততার সাথে সেবার মান বজায় রাখা নিশ্চিত করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৪২.০৪.০০০০.০০৫.২২.০০৪.২২.১৪৬


তারিখ: ১২ পৌষ ১৪২৯

২৭ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।

- ২) উপ-পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৩) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) ডাটা এন্ট্রি অপারেটর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে
প্রকাশের অনুরোধসহ)।



মোঃ খায়রুল আলম সুমন
উপ-পরিচালক